# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৪৯

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - মাথার চুল মুণ্ডন করার প্রসঙ্গে

بَابُ الْحَلْقِ

আরবী

وَعَن يحيى بن الْحصين عَن جدته أَنَّهَا سَمِعَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ دَعَا لِلْمُحَلِّقِينَ ثَلَاثًا وَلِلْمُقَصِّرِينَ مرّة وَاحِدَة. رَوَاهُ مُسلم

বাংলা

২৬৪৯-[4] ইয়াহ্ইয়া ইবনু হুসায়ন তাঁর দাদী হতে বর্ণনা করেছেন। তাঁর দাদী বলেছেন, আমি বিদায় হজে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাথার চুল মুণ্ডনকারীদের জন্য তিনবার এবং যারা ছেঁটেছেন তাদের জন্য একবার দু’আ করতে শুনেছি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩০৩, ইবনু আবী শায়বাহ্ ১৩৬২০, ইরওয়া ১০৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَنْ جَدَّتِه) তিনি হলেন উম্মুল হুসায়ন বিনতু ইসহাক মহিলা সাহাবী। এখানে তার নাম উল্লেখ করা হয়নি। ইবনু ‘আবদুল বার (রাহঃ) বলেন, উম্মুল হুসায়ন বিনতু ইসহাক-এর নিকট থেকে তারই নাতি ইয়াহ্ইয়া বিন হুসায়ন ও আল ‘আয়যার বিন হারিস  হাদীস বর্ণনা করেছেন এবং তিনি বিদায় হজ্জে উপস্থিত ছিলেন। হাফিয ইবনু হাজার আসকালানী বলেন, ইবনু ‘আবদুল বার এ মহিলা সাহাবীর পিতার নাম উল্লেখ করেছেন “ইসহাক”। আমিও তাই মনে করি। আর তার থেকে আল ‘আয়যার বিন হারিস-এর বর্ণনা করার বিষয়টি ইবনু মানদূহ (রহঃ)-এর নিকট প্রমাণিত। এমনকি ইমাম আহমাদ-এর নিকটও প্রমাণিত। তবে সেখানে ত্বরিক বিন ইউনুস-এর মধ্যস্থতা বিদ্যমান। (আহমাদ ৬ষ্ঠ খণ্ড, পৃষ্ঠা ৪০২)

এ পর্যায়ে আল ‘আয়যার ইবনু হারিস এর বর্ণনাটি নিম্নে উল্লেখ করছিঃ তিনি বলেন, আমি উম্মুল হুসায়ন বিনতু

ইসহাককে বলতে শুনেছি। তিনি (উম্মুল হুসায়ন) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে চাদর গায়ে দেখেছি।

(أَنَّهَا سَمِعَتِ النَّبِىَّ ﷺ فِىْ حَجَّةِ الْوَدَاعِ) হাদীসের এ অংশটুকু প্রমাণ করছে যে, উম্মুল হুসায়ন (রাঃ) বিদায় হজ্জে উপস্থিত ছিলেন। অপরদিকে মাথা মুণ্ডনকারীদের জন্য তিনবার আর চুল খাটোকারীদের জন্য একবার দু‘আর সময়টি ছিল ‘‘হাজ্জাতুল ওয়াদা’’ তথা বিদায় হজ্জের সময়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন